মুজিবনগরে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল সচেতনতা সপ্তাহ উদযাপনে অবহিতকরণ সভা

মুজিবনগরে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সচেতনতা সপ্তাহ উদযাপনে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কন্টেইনমেন্ট, ভাইরাল হেপাটাইটিস ও ডায়রিয়া নিয়ন্ত্রণ কর্মসূচী রোগ নিয়ন্ত্রণ বিভাগ, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর আয়োজনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডঃ আসাদুজ্জামান এর অফিস কক্ষে এই অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

অবহিতকরণ সভায় ডাক্তার আসাদুজ্জামানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডঃ তৌফিক আহমেদ,ডা: আবু সাঈদ, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারি প্রকৌশলী বাদশা বুলবুল, সাংবাদিক শেখ শফিউদ্দিন, সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নার্সেস সুপারভাইজার সুশীলা মন্ডল, পাপিয়া খাতুন,সিনিয়র স্টাফ নার্স শাম্মী আক্তার ও রুপালী মন্ডল।

অবহিতকরণ সভায় এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া এবং এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধে করণীয় সম্পর্কে আলোচনা করেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ উপজেলা সংক্রমণ রোগ নিয়ন্ত্রণ বিভাগের প্রধান ডা: আবু সাঈদ

এ সময় এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া, সকলের সহযোগিতার মাধ্যমে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধ, প্রতিকার অপেক্ষা প্রতিরোধ উত্তম, এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স প্রতিরোধে সকলেই অংশীদার,এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স এর ক্ষতিকর প্রভাব,এন্টিবায়োটিক রেজিস্ট্যান্ট জীবাণু তৈরির কারণ।

এ্যান্টবায়োটিক ও এন্টিমাইক্রোবিয়াল এন্টিবায়োটিক সম্পর্কে আলোকচকরা বলেন, এ্যান্টবায়োটিক ও এন্টিমাইক্রোবিয়াল এন্টিবায়োটিকঃ এক প্রকার অণুজীব থেকে উৎপন্ন হয়ে অন্য প্রকার

অণুজীবের মৃত্যু ঘটায় বা বৃদ্ধি বন্ধ করে। ব্যাকটেরিয়ার বেলায় এর ব্যবহার হয়।

এন্টিমাইক্রোবিয়ালঃসকল প্রকার রোগ জীবাণু যথা- ব্যাকটেরিয়া, ভাইরাস, ফাংগাস এবং এক কোষী প্রোটোজোয়া (আমাশয়ের জীবাণু, ম্যালেরিয়া ও কালাজ্বরের পরজীবী) এর বিরুদ্ধে ব্যবহৃত ঔষধ।

এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া এবং সকলের সহযোগিতার মাধ্যমে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধ করা সম্ভব।